দৈনিক ইত্তেফাক

তারিখ 15 AUG 1993

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# শিক্ষাবর্ষ ক্যালেন্ডার কার্যকর করার আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ওয়াকিল আহমেদ সেশন জট দূর করার লক্ষ্যে একাডেমিক ক্যালেণ্ডার কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করিয়াছেন।

(২য় পৃ: ৮-এর ক: দ্র:)

## শিক্ষাবর্ষ ক্যালেণ্ডার

(প্রথম পৃ: পর)

গতকাল (শনিবার) ছাত্র নির্দেশনা ও পরামর্শ দান দফতর আয়োজিত ৯টি বিভাগের নবীন ছাত্র-ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতাকালে প্রো-ভিসি বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষা ও সেশন জটের দুর্বিষহ বোঝা কমানোর জন্য শিক্ষা বর্ষ ক্যালেণ্ডার প্রণয়ন করা হইয়াছে। ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক মিসেস মেহেরুন্নেসা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই পরিচিতি অনুষ্ঠানে কলা অনুষদের ডীন ডঃ আমিনুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডীন ডঃ এম মসিহুজ্জামান, ফলিত রসায়নের চেয়ারম্যান প্রফেসর ইসমাইল মোস্তফা, প্রফেসর কালিপদ সেন, প্রফেসর এ, আই, এস, মফিজুল মান্নান, শামসুল হক মোল্লা, ডঃ মোঃ রেজাউল করিম মজুমদার প্রমুখ বক্তৃতা করেন।